# Bangladesh Madrasah Education Board, Dhaka
## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
website: **www.bmeb.gov.bd,** E-mail: **info@bmeb.gov.bd,** Fax: **58616681, 58617908**


৫৭.১৬.০০০০.০০৯.৯৯.০২৮.২৪-৫২০(৩) তারিখঃ ১৯/০৬/২০২৫ খ্রি: ।

বিষয় ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের আইন শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির ৯ম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল মাদ্রাসা প্রধানকে অনুরোধ।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০৪.২৪-১৮২, তারিখঃ ১৯.০৬.২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের "আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির ৯ম সভার কার্যবিবরণীর ৫.৯ নং ক্রমিকের (ঙ), (চ), এবং ৫.১০ (চ) ক্রমিকের আলোচ্যসূচির আলোকে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

১. শিক্ষা প্রতিষ্ঠানের আশে পাশে মাদক বিক্রয় ও ব্যবহারের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে। নিয়মিত মাদকবিরোধী অভিযান পরিচালনার মাধ্যমে অপরাধীদের চিহ্নিত করে আইনের আওতায় আনতে হবে।

২. মাদক সেবনকারীদের মধ্যে মাদকের কুফল সংক্রান্ত প্রচার-প্রচারণা বৃদ্ধি করতে হবে । জনমানুষকে সম্পৃক্ত করে মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে । এ লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত পরিচালনা কমিটির কার্যক্রম গতিশীল ও দৃশ্যমান করতে হবে। জুম্মার বয়ানে মাদকের কুফল সম্পর্কে বক্তব্য প্রদান নিশ্চিত করতে হবে।

৩. সামাজিক গণমাধ্যমে হিযবুত তাহরীর ন্যারোটিভস প্রচারণাগুলিকে একাডেমিক্যালি অনুসরণ করে তাদের অপপ্রচারের বিষয়ে বিজ্ঞজনদের নিয়ে কোরআনের আয়াত ও হাদিসগুলির সঠিক ব্যাখ্যা তুলে ধরে মাদ্রাসা, স্কুল কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন ওয়াজ, জুম্মার খুতবায় লাগাতার প্রচার করার পাশাপাশি সামাজিক গণমাধ্যমকে ব্যবহার করে সঠিক তথ্যভিত্তিক কাউন্টারন্যারোটিভ্স কার্যক্রম পরিচালনা করতে হবে।

বোর্ডের আওতাধীন মাদ্রাসা প্রধান, পরিচালনা কমিটি, শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে স্থানীয় প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তায় উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে সর্বাত্মক সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৯/০৬/২০২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
ফোন:০২-৯৬১২৮৫৮
ই-মেইল - registrar@bmeb.gov.bd

**প্রাপক:**
**অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/ইব: প্রধান শিক্ষক (সকল)**
বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,

৩। জনাব মোহাম্মদ মাহমুদুল হক, উপ-সচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৪। পিওটু চেয়ারম্যান/পিএটু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,

৫। অফিস নথি।